

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়  
কাহালু, বগুড়া।

স্মারক নং ৩৩.০১.১০৫৪.০০০.১১.০০১.১৯-৪৭৭

তারিখঃ ৩১/৭/২০১৯ খ্রিষ্টাব্দ।

নোটিশ


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য পৌরসভা ও কাহালু ইউনিয়ন ০১(এক) জন এবং বাকি প্রতি ইউনিয়নে ০১(এক) করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট হতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্মতারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা, ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ০৮/৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র সহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ আগামী ২৫/৮/২০১৯ খ্রিঃ বেলা ৩(তিন) ঘটিকায় বাছাই প্রক্রিয়ায় যাহারা উত্তীর্ণ হবে তাদের লিখিত ও মৌখিক পরিষ্কা অনুষ্ঠিত হবে।

যোগ্যতা ও অভিজ্ঞতাঃ-

- ১। সংশ্লিষ্ট ইউনিয়নের/ পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
- ৩। পুরুষ বা নারী উভয়েই(এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
- ৪। ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস এস সি/ সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লিখায় দক্ষ হতে হবে।
- ৬। প্রাণিসম্পদ বিষয়ে ডিএল এস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা ও লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
- ৭। কর্মঠ স্ব- উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলি থাকতে হবে।
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের এবং/ অথবা এনএটিপি এর সীলদের আবেদন করার প্রয়োজন নেই।

বিঃদ্রঃ আবেদন ফরম উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে পাওয়া যাবে।

  
ডাঃ মোঃ মোশারফ হোসেন  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
কাহালু, বগুড়া।  
টেলিফোন: ০৫০২৬৫৬০১৩

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার কাহালু, বগুড়া।
- ২। উপজেলা কৃষি অফিসার কাহালু, বগুড়া।
- ৩। উপজেলা যুব উন্নয়ন অফিসার কাহালু, বগুড়া।
- ৪। -----ইউ/পি ও পৌরসভা।